

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ৬, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২২ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ/ ০৬ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২২.১৬৮—জনাব আব্দুর রউফ তালুকদার ১৯৮৮ সালে বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগদান করেন। তিনি বিসিএস প্রশাসন ক্যাডারের ১৯৮৫ ব্যাচের একজন কর্মকর্তা। বর্ণাঢ্য কর্মজীবনের অধিকারী জনাব রউফ তালুকদার সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন। পাবলিক ফাইন্যান্স এবং অর্থনৈতিক ব্যবস্থাপনায় বিশেষত্বের কারণে তাঁর কর্মজীবনের সিংহভাগ সময়ই অর্থ বিভাগে অতিবাহিত হয়েছে। এছাড়া, তিনি শিল্প মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয় এবং তথ্য মন্ত্রণালয়ে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশ হাইকমিশন কুয়ালালামপুরে প্রথম সচিব (বাণিজ্যিক) হিসাবেও দায়িত্ব পালন করেন।

০২। সরকারি কর্মকর্তা হিসাবে দীর্ঘকাল দেশ সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় মন্ত্রিসভা জনাব আব্দুর রউফ তালুকদারকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে একই সঙ্গে তাঁর দীর্ঘায়ু, সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করে মন্ত্রিসভার ১৯ আষাঢ় ১৪২৯/০৩ জুলাই ২০২২ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়।

০৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ সামসুল আরেফিন

সচিব (সমন্বয় ও সংস্কার)

মন্ত্রিপরিষদ সচিবের রুটিন দায়িত্বে

(১১৬১৩)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

১৯ আষাঢ় ১৪২৯
ঢাকা : ০৩ জুলাই ২০২২

জনাব আব্দুর রউফ তালুকদার ১৯৮৮ সালে বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগদান করেন। তিনি বিসিএস প্রশাসন ক্যাডারের ১৯৮৫ ব্যাচের একজন কর্মকর্তা। বর্ণাঢ্য কর্মজীবনের অধিকারী জনাব রউফ তালুকদার সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন। পাবলিক ফাইন্যান্স এবং অর্থনৈতিক ব্যবস্থাপনায় বিশেষত্বের কারণে তাঁর কর্মজীবনের সিংহভাগ সময়ই অর্থ বিভাগে অতিবাহিত হয়েছে। এছাড়া, তিনি শিল্প মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয় এবং তথ্য মন্ত্রণালয়ে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশ হাইকমিশন কুয়ালিলামপুরে প্রথম সচিব (বাণিজ্যিক) হিসাবেও দায়িত্ব পালন করেন।

জনাব আব্দুর রউফ তালুকদার ২০১৮ সালের ১৭ জুলাই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ সচিব হিসাবে নিযুক্ত হন এবং প্রায় চার বছর সফলতার সঙ্গে দায়িত্ব পালন করেন। অর্থ সচিব থাকাকালীন তিনি জ্যেষ্ঠ সচিব হিসাবে পদোন্নতি প্রাপ্ত হন। উল্লেখ্য, ২০১৮-১৯ অর্থবছরে বাংলাদেশের ইতিহাসে সর্বোচ্চ জিডিপি প্রবৃদ্ধি (৭.৮৮ শতাংশ) অর্জনে তিনি অসামান্য অবদান রাখেন। করোনা অতিমারীকালে বিভিন্ন প্রণোদনা প্যাকেজ ঘোষণা, অত্যন্ত বিচক্ষণতার সঙ্গে বিশ্ব মন্দা পরিস্থিতি মোকাবেলা এবং দেশে অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষায় সরকারকে যথোপযুক্ত পরামর্শ প্রদানের মাধ্যমে সামষ্টিক অর্থনীতি বেগবান করার ক্ষেত্রে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন; যা রাষ্ট্রীয় পর্যায়ে প্রশংসিত হয়েছে। অর্থ বিভাগের বিভিন্ন সংস্কার প্রক্রিয়ায় তিনি অগ্রণী ভূমিকা পালন করেছেন। বিশেষ করে বাজেট সংস্কার, সামষ্টিক অর্থনৈতিক ব্যবস্থাপনা, অবসরভোগী সরকারি চাকুরীজীবীদের ইএফটির মাধ্যমে পেনশন প্রদান সঞ্চয়পত্রের অটোমেশন এবং 'সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২২'-এ তাঁর ভূমিকা প্রশংসনীয়। কর্মক্ষেত্রে সততার স্বীকৃতিস্বরূপ তিনি ২০২১ সালে শুদ্ধাচার পুরস্কার-এ ভূষিত হন।

জনাব আব্দুর রউফ তালুকদার সুদীর্ঘ প্রায় ৩৪ বছর দক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে নিজেকে দেশ ও জাতির কল্যাণে নিয়োজিত রেখেছেন। তিনি শীঘ্র বাংলাদেশ ব্যাংকের গভর্নর হিসাবে দায়িত্ব গ্রহণ করবেন। উক্ত দায়িত্ব পালনের ক্ষেত্রেও তিনি তাঁর পেশাগত দক্ষতার স্বাক্ষর রাখবেন মর্মে মন্ত্রিসভা আশা প্রকাশ করছে।

সরকারি কর্মকর্তা হিসাবে দীর্ঘকাল দেশ সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় মন্ত্রিসভা জনাব আব্দুর রউফ তালুকদার-কে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে একই সঙ্গে তাঁর দীর্ঘায়ু, সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করছে।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd